যুগান্তর

তাং 28 SEP 2016
পৃষ্ঠা ৩ কলাম ৩

শিক্ষা ক্যাডার

# অধ্যাপক পদে ৩৭১ কর্মকর্তার পদোন্নতি

যুগান্তর রিপোর্ট

শিক্ষা ক্যাডারের ৩৭১ জন কর্মকর্তা অধ্যাপক পদে পদোন্নতি পেয়েছেন। মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত পদোন্নতি কমিটির (ডিপিসি) সভায় এ সিদ্ধান্ত হয়। শিক্ষা সচিব মো. সোহরাব হোসাইন এতে সভাপতিত্ব করেন।

■ পৃষ্ঠা ৭ : কলাম ৪

# অধ্যাপক পদে ৩৭১ কর্মকর্তার পদোন্নতি

(৩য় পৃষ্ঠার পর)

তবে মঙ্গলবার মাত্র দু'জনের নামপ্রকাশ করা হয়েছে। তারা হলেন সিরাজগঞ্জ সরকারি কলেজের উদ্ভিদবিদ্যা বিভাগের সহযোগী অধ্যাপক বাসুদেব সরকার ও চট্টগ্রাম সরকারি কলেজে সংযুক্ত থাকা প্রাণিবিদ্যার সহযোগী অধ্যাপক সুকমল সেনগুপ্ত। উভয় অধ্যাপককে ওএসডি করে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরে ন্যস্ত করা হয়েছে।

এ ব্যাপারে যোগাযোগ করে শিক্ষা মন্ত্রণালয়ের কোনো কর্মকর্তার সঙ্গে কথা বলা সম্ভব হয়নি। বিসিএস সাধারণ শিক্ষা সমিতির মহাসচিব ও ঢাকা শিক্ষা বোর্ডের সচিব শাহেদুল খবীর চৌধুরী যুগান্তরকে বলেন, 'আজকের ডিপিসির বৈঠকে ৩৭১ জন সহযোগী অধ্যাপককে পদোন্নতি দিয়ে অধ্যাপক করা হয়েছে। পদোন্নতিপ্রাপ্তদের বেশির ভাগ প্রমার্জনপ্রাপ্ত ও জাতীয়করণকৃত কলেজের শিক্ষক। এ পদোন্নতিতে অষ্টম ব্যাচের অবশিষ্ট সবাই এবং নবম ব্যাচের কিয়দংশ বিবেচিত হয়েছেন। অন্য ব্যাচেরও কিছু আছেন পদোন্নতির তালিকায়।'